# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৪৭

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (كتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ২. তৃতীয় অনুচ্ছেদ - যেসব প্রাণী খাওয়া হালাল ও হারাম

## আরবী

وَعَن زاهرٍ الأسلميّ قَالَ: إِنِّي لَأُوقِدُ تَحْتَ الْقُدُورِ بِلُحُومِ الْحُمُرِ إِذْ نَادَى مُنَادِي رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَنْهَاكُمْ عَنْ لُحُومِ الْحُمُرِ. رَوَاهُ الْبُخَارِيّ

## বাংলা

৪১৪৭-[৪৪] যাহিরুল আসলামী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি হাঁড়িতে গাধার মাংস জ্বাল দিচ্ছিলাম, সে সময় রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ঘোষক ঘোষণা করছিলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমাদেরকে গাধার মাংস খেতে নিষেধ করেছেন। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩৯৪০, নাসায়ী ৪৩৪০, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৪৩৩১, ইবনু মাজাহ ৩১৯৬, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৫১৭৩, মুসান্নাফ ইবনু শায়বাহ্ ৭।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ উপরোল্লিখিত ঘটনাটি সংঘটিত হয়েছিল খায়বারের যুদ্ধে। কেননা গৃহপালিত গাধার গোশত খাওয়ার নিষেধাজ্ঞাটা হুদায়বিয়ার দিনে সংঘটিত হয়নি, বরং তা খায়বারে হয়েছে। তা ছাড়া এটা হুদায়বিয়ায় হওয়ার সম্ভাবনাও নেই। তবে ইমাম বুখারী (রহিমাহুল্লাহ) হাদীসে হুদায়বিয়ার প্রসঙ্গে যা উল্লেখ করেছেন وكان ممن شهد الشجرة অর্থাৎ হুদায়বিয়ার (গাছের নিকট) উপস্থিত ছিলেন। এ কথাটি ঘোষকের ঘোষণা দেয়ার জায়গার সাথে বৈপরীত্যপূর্ণ নয়। কারণ যারা হুদায়বিয়ার বায়‘আতে উপস্থিত ছিলেন তাদের অধিকাংশ সাহাবী রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে খায়বারেও উপস্থিত ছিলেন। (ফাতহুল বারী ৭ম খন্ড, হাঃ ৪১৭৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ যাহিরুল আসলামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74870

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন